রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মে ৬, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৪ মে, ২০১৪/২১ বৈশাখ, ১৪২১

নম্বর **০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৯৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সারের মূল্য ও সরবরাহ পরিস্থিতি পর্যালোচনা ও সার্বিক সমন্বয় সাধনের জন্য **"সার বিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটি"** নিম্নরূপভাবে গঠন করেছে ঃ

(ক) **কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| (১) | বেগম মতিয়া চৌধুরী<br>মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | আহবায়ক |
| (২) | জনাব আমির হোসেন আমু<br>মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | জনাব মোঃ শহিদুজ্জামান সরকার, হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ | সদস্য |
| (৪) | সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি | সদস্য |
| (৫) | জনাব আব্দুল হাই, এমপি, ঝিনাইদহ-১ | সদস্য |
| (৬) | বেগম সাগুফতা ইয়াসমিন এমিলি, এমপি, মুন্সিগঞ্জ-২ | সদস্য |
| (৭) | জনাব ছবি বিশ্বাস, এমপি, নেত্রকোনা-১ | সদস্য |
| (৮) | বেগম আমাতুন কিবরিয়া কেয়া চৌধুরী, এমপি, মহিলা আসন-২৮ | সদস্য |
| (৯) | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (১০) | সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |



**মূল্য ঃ** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| (১১) | সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (১২) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (১৩) | চেয়ারম্যান, বিসিআইসি | সদস্য |
| (১৪) | চেয়ারম্যান, বিএডিসি | সদস্য |
| (১৫) | মহা-পরিচালক, ডিএই | সদস্য |
| (১৬) | নির্বাহী পরিচালক (বৈদেশিক মুদ্রানীতি), বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (১৭) | চেয়ারম্যান, বিএফএ | সদস্য |

(খ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) দেশে সকল প্রকার সারের উৎপাদন/আমদানি চাহিদা ও মূল্য পরিস্থিতি পর্যালোচনা এবং এ সম্পর্কে সুপারিশ প্রণয়ন;

(২) কৃষকদের নিকট সঠিক সময়ে সার সরবরাহের নিশ্চয়তা বিধানকল্পে সার বিতরণ ব্যবস্থা পর্যালোচনা ও এ বিষয়ে সুপারিশ/পরামর্শ প্রদান;

(৩) সারের ডিলার নিয়োগের বিদ্যমান পদ্ধতি পর্যালোচনা এবং এর যথার্থতা যাচাই করে সুপারিশ প্রদান;

(৪) ইউরিয়া ও নন-ইউরিয়া সার সরবরাহ ও বিতরণ সম্পর্কিত প্রাসঙ্গিক অন্য যে কোন বিষয় পর্যালোচনা ও এ সম্পর্কে সুপারিশ প্রণয়ন।

২। কমিটি প্রয়োজনবোধে আরও সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। কৃষি মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নূরুল করিম
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd